গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয় : পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৫ উপলক্ষে দেশের বিভিন্ন নৌপথে নৌযানসমূহ সুষ্ঠুভাবে চলাচল এবং যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণসহ যথাযথ কর্মপন্থা গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠেয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ ইউসুফ, সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৮.০৩.২০২৫ খ্রি.। |
| সময় | : | বেলা ০১:০০ ঘটিকা। |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

সভায় সশরীরে উপস্থিত এবং ভার্চুয়াল প্ল্যাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি বলেন, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৫ খ্রি. উপলক্ষ্যে ঘরমুখো এবং ফিরতি পথে যাত্রীদের নিরাপদ চলাচল নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ এবং সংস্থা কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৫ উপলক্ষ্যে অভ্যন্তরীণ নৌপথে যাত্রীবাহী নৌযানসমূহ সুষ্ঠুভাবে চলাচল, যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণসহ যথাযথ কর্মপন্থা নির্ধারণের জন্য আজকের সভা আয়োজন করা হয়েছে। মাননীয় নৌপরিবহন এবং শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব:) ড. এম সাখাওয়াত হোসেন সভায় জুম প্লাটফর্মে সংযুক্ত হয়ে আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে দেশের বিভিন্ন নৌপথের যাত্রীদের ঈদ যাত্রা নির্বিঘ্ন করতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন। অতঃপর সভাপতি মহোদয় নিরাপদে নৌচলাচল ও যাত্রীদের নিরাপদ নৌভ্রমণের নিমিত্ত করণীয় বিষয়ে গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার উপর নিম্নোক্ত আলোচনা হয়।

**২.০ আলোচনা :**

২.১ জেলা প্রশাসক ভোলা বরিশাল থেকে ভোলা নৌরুটের স্পিডবোটের ভাড়া অতিরিক্ত হওয়ায় সেটি নির্ধারনের জন্য অনুরোধ করেন।

২.২ জেলা প্রশাসক, পাবনা স্পিডবোটের ভাড়া নির্ধারন করা এবং ৪টি ফেরির সাথে আরো অতিরিক্ত ১টি ফেরি বৃদ্ধি করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

২.৩ জেলা প্রশাসক, পিরোজপুর বলেন যে পিরোজপুর জেলা চারদিকে পানি বেষ্টিত। কিন্তু এখানে মাত্র ১টি পুলিশ ফাঁড়ি আছে যা প্রয়োজনের তুলনায় খুবই কম। তাই তিনি নতুন ১টি পুলিশ ফাঁড়ির জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

২.৪ জেলা প্রশাসক, নোয়াখালী বলেন যে চেয়ারম্যানঘাট থেকে নলছিটি পর্যন্ত চলাচলের জন্য ১টা ফেরি প্রয়োজন।

২.৫ চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ বলেন যে দেশের সকল নৌরুটে চলাচলকারী স্পিডবোটের ভাড়া নির্ধারনের জন্য গত সপ্তাহে সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। তিনি সভাকে আরো জানান যে, ঈদের পরেই স্পিডবোটের ভাড়া নির্ধারনের গেজেট করা হবে।

২.৬ সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় বলেন যে আসন্ন ঈদ-উল-ফিতর, ২০২৫ উপলক্ষ্যে যাত্রীদের নিরাপত্তার স্বার্থে চিলমারি-রৌমারি নৌপথে নাব্যতা সংকট সমাধানের বিষয়ে সরেজমিনে পরিদর্শনের জন্য চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি ও বিআইডব্লিউটিএ যৌথভাবে স্টাডি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২.৭ সভায় মাননীয় উপদেষ্টা বলেন, আসন্ন ঈদে দেশের বিভিন্ন নৌপথে জলযানসমূহ সুষ্ঠুভাবে চলাচল এবং যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণে বর্তমান সরকার আন্তরিকভাবে কাজ করছে। ইতোমধ্যে বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নৌপথে ঈদযাত্রার প্রস্তুতি দেখতে উপদেষ্টা সদরঘাটসহ নৌরুটের বিভিন্ন স্পটে আকস্মিক পরিদর্শনে যাবেন বলে সভাকে অবহিত করেন। এছাড়াও মাননীয় নৌপরিবহন উপদেষ্টা নৌপথের যাত্রীদের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন চার্জ এবং অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারীবাহিনীকে সমন্বিতভাবে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

৩.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| আলোচ্য বিষয় | প্রস্তাবসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। যানযটমুক্ত যান চলাচল নিশ্চিতকরণ | ১.১। ঢাকার জিরোপয়েন্ট থেকে সদরঘাট পর্যন্ত সড়ক ১৫ রমজান থেকে ঈদের ০২ দিন পর পর্যন্ত যানজট মুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে উক্ত সড়কে এলামেলোভাবে রাখা যেকোনো পরিবহণ অপসারণের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং রেকার রাখার ব্যবস্থা গ্রহণের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় থেকে ডিএমপি-কে পত্র দিতে হবে; | ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ট্রাফিক পুলিশ (রমনা/লরালবাগ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| | ১.২। সদরঘাট টার্মিনাল ও লঞ্চসমূহ হকারমুক্ত রাখতে হবে; | |
| ২। যাত্রী নিরাপত্তা ও আইন শৃঙ্খলা | ২.১। সদরঘাটে আইন শৃঙ্খলা রক্ষা ও যাত্রীদের নিরাপত্তা বিধানের জন্য ট্রাফিক পুলিশের পাশাপাশি আনসারসহ কমিউনিটি পুলিশের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বিআইডব্লিউটিএ, নৌপুলিশ, ঢাকা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, মেট্রোপলিটন পুলিশ, বাঅনৌচ (যাপ) সংস্থা ও লঞ্চ মালিক সমিতি |
| | ২.২। নারায়নগঞ্জ, গজারিয়া-মুন্সিগঞ্জ, চাঁদপুর নৌপথ, বরিশাল-ভোলা নৌপথসহ অন্যান্য নৌপথে ডাকাতি, চাঁদাবাজি এবং শ্রমিক ও যাত্রীদের হয়রানি ও ভীতিমূলক অবস্থা প্রতিরোধ করার জন্য রাতে নিয়মিত টহলের ব্যবস্থা করতে হবে;<br>এ বিষয়ে বাংলাদেশ নৌবাহিনীর সহযোগিতা কামনা করা হয়। | বাংলাদেশ নৌবাহিনী, সংশ্লিষ্ট জেলা পুলিশ, র‍্যাব, নৌ পুলিশ ও কোষ্টগার্ড |
| | ২.৩। যাত্রী সাধারণের নিরাপদ চলাচল নিশ্চিত করতে প্রতিটি নদী বন্দর/টার্মিনাল/ঘাট পয়েন্টের গেইট জেটি ও পন্টুনভিত্তিক আনসার, কমিউনিটি পুলিশ, নৌপুলিশ এবং সংশ্লিষ্ট জেলা ও মেট্রোপলিটন পুলিশের সদস্যদের সমন্বয়ে আলাদা আলাদা ভাবে রোস্টার ডিউটির ব্যবস্থা করতে হবে। রোস্টার ডিউটির কপি বিআইডব্লিউটিএ-তে প্রেরণ এবং সংশ্লিষ্ট নদী বন্দরের টার্মিনালের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে; | নৌ পুলিশ, জেলা পুলিশ ও মেট্রোপলিটন পুলিশ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী |
| | ২.৪। পিরোজপুর জেলায় নতুন একটি পুলিশ ফাঁড়ি স্থাপন করতে হবে। | নৌ পুলিশ ও জেলা পুলিশ |
| ৩। যাত্রী সেবা, ও যাত্রী সচেতনতা নিশ্চিতকরণ | ৩.১। রাতের বেলায় স্পিড বোট চলাচল বন্ধ করা এবং দিনের বেলায় স্পিড বোট চলাচলের সময় যাত্রীদের লাইফ জ্যাকেট পরিধান নিশ্চিত করতে হবে; | সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ ও নৌপুলিশ, কোস্ট গার্ড নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ এবং সংশ্লিষ্ট সমিতি |
| | ৩.২। টার্মিনালসমূহে যাত্রী সচেতনতামূলক/সতর্কতামূলক বাণী ও নৌবিজ্ঞপ্তি মাইকে প্রচার, ডিসপ্লে মনিটরে প্রদর্শন ও লঞ্চের টেলিভিশন মনিটরে প্রচারের ব্যবস্থা করতে হবে; | বিআইডব্লিউটিএ, বাঅনৌচ (যাপ) সংস্থা ও লঞ্চ মালিক সমিতি |
| | ৩.৩। নৌপথে চলাচলকারী যাত্রী সাধারণ নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে জরুরী প্রয়োজনে জাতীয় জরুরি সেবা হট লাইন নম্বর ৯৯৯-এ এবং যাত্রী সেবা সংক্রান্ত বিষয়ে বিআইডব্লিউটিএ'র হট লাইন নম্বর ১৬১১৩-এ যোগাযোগ করবেন। হট লাইন নম্বর দুইটি সম্পর্কে সর্বসাধারণকে অবহিত করার জন্য ব্যাপক প্রচার করতে হবে;<br>ঈদ-উল-ফিতর, ২০২৫ উপলক্ষে গঠিত বিআইডব্লিউটিএ'র কন্ট্রোলরুমের নম্বর আবহাওয়া অধিদপ্তরে প্রেরণ করতে হবে; | বিআইডব্লিউটিএ |
| | ৩.৪। ঈদের পূর্বের ০৩ দিন ও ঈদের পরের ০৩ দিন এর জন্য কন্ট্রোল রুম এবং হোয়াটস অ্যাপ গ্রুপ খোলতে হবে; | বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি ও নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৪। নৌনিরাপত্তা | ৪.১। নৌপথে যে কোনো অনাঙ্খিত দুর্ঘটনায় প্রয়োজনীয় সহযোগিতা ও উদ্ধার কার্যক্রম গ্রহণের জন্য উদ্ধারকারী জলযান প্রস্তুত রাখতে হবে; | বিআইডব্লিউটিএ |
| | ৪.২। অভ্যন্তরীণ নৌপথে ফিটনেস বিহীন নৌযান ও ফেরি চলাচল সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে; এ বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর, নৌপুলিশ, বিআইডব্লিউটিসি |
| ৫। লঞ্চ/স্টীমার/ | ৫.১। লঞ্চের মাস্টার, ড্রাইভার ও অন্যান্য কর্মচারীসহ সকল ঘাটের ইজারদের নেম ট্যাগসহ নির্ধারিত পোষাক পরিধানপূর্বক দায়িত্বপালন নিশ্চিত করতে হবে; | বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর, বাঅনৌচ(যাপ)সংস্থা ও |

| আলোচ্য বিষয় | প্রস্তাবসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| নৌযান ব্যবস্থাপনা | | লঞ্চ মালিক সমিতি |
| | ৫.২। সকল নৌযান তার নির্ধারিত সময়সূচি অনুযায়ী যাত্রীসেবা প্রদান করবে। কোনো নৌযান নির্ধারিত সিরিয়াল ব্রেক করলে উক্ত নৌযানের লাইসেন্স বাতিলসহ মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে; | বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর |
| | ৫.৩। যাত্রী নিরাপত্তার স্বার্থে সকল লঞ্চে ১৯ রমজান থেকে ঈদ পরবর্তী ০২ দিন পর্যন্ত ন্যূনতম ০৪ (চার) জন আনসার সদস্য মোতায়েনের জন্য লঞ্চ মালিকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এজন্য লঞ্চ মালিকগণ সরকার নির্ধারিত ডিউটি ভাতা প্রদান করবে। এর অতিরিক্ত কোনো খরচ যেন আদায় না করা হয় সে বিষয়ে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | লঞ্চ মালিক ও বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী |
| | ৫.৪। লঞ্চের অনুমোদিত ভাড়ার চেয়ে বেশি ভাড়া আদায় করা যাবে না। বিআইডব্লিউটিএ কর্তৃক অনুমোদিত ভাড়ার তালিকা সকল নদী বন্দর, টার্মিনাল, ঘাট ও নৌযানে দৃশ্যমানভাবে টাঙ্গিয়ে প্রচারের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিআইডব্লিউটিএ বিষয়টি কঠোরভাবে মনিটর করবে। প্রয়োজনে মোবাইল কোর্টের মাধ্যমে অতিরিক্ত ভাড়া আদায় বন্ধ করতে হবে। এক্ষেত্রে বেশি ভাড়া আদায় করা হলে সংশ্লিষ্ট লঞ্চ মালিক/চালকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসন, বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর, নৌপুলিশ, কোস্টগার্ড, বাঅনৌচ (যাপ) সংস্থা, লঞ্চ মালিক সমিতি |
| | ৫.৫। যাত্রী সাধারণ নিজেদের মালামাল নিজেরা বহন করলে তাদের নিকট হতে ইজারাদার কর্তৃক অর্থ আদায় যাতে না করা হয় সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বিআইডব্লিউটিএ ও নৌপুলিশ |
| | ৫.৬। সকল ঘাট পয়েন্টের ইজারাদার কর্তৃক অতিরিক্ত হারে বার্দিং চার্জ আদায় বন্ধ করতে হবে এবং অতিরিক্ত হারে বার্দিং চার্জ আদায়ের কোনো অভিযোগ থাকলে তদন্তপূর্বক ইজারা বাতিলসহ উক্ত ইজারাদারের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বিআইডব্লিউটিএ |
| ৬। বাল্কহেড /ডিঙ্গী চলাচল বন্ধকরণ | ৬.১। নৌদুর্ঘটনা রোধকল্পে **ঈদের আগে ০৫ (পাঁচ) দিন ও পরে ০৫ (পাঁচ) দিন** দিনে-রাতে সার্বক্ষণিক বাল্কহেড চলাচল বন্ধ করার নিমিত্ত অভ্যন্তরীণ নৌপথে অবস্থিত বালুমহাল হতে উল্লিখিত সময়ে বালু উত্তোলন বন্ধ রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;<br>উক্ত সময়ে দিন রাত সার্বক্ষণিক সকল বালুবাহী বাল্কহেড চলাচল সম্পূর্ণভাবে বন্ধ রাখতে হবে; | নৌপরিবহন মন্ত্রণালয়, জেলাপ্রশাসক ঢাকা, নারায়ণগঞ্জ, সুনামগঞ্জ, চাঁদপুর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী এবং লক্ষ্মীপুর এবং সংশ্লিষ্ট জেলা পুলিশ ও নৌ পুলিশ, সংশ্লিষ্ট সমিতি |
| | ৬.২। ঈদের পূর্বের ও পরের ০৫ (পাঁচ) দিন সদরঘাট হতে ডিঙ্গী নৌকা চলাচল বন্ধ রাখতে হবে; | বিআইডব্লিউটিএ ও নৌ পুলিশ |
| ৭। নৌরুট ব্যবস্থাপনা | ৭.১। ঈদের পূর্বের ০৩ দিন এবং ঈদের পরের ০৩ দিন নিত্য প্রয়োজনীয় ও দ্রুত পচনশীল পণ্যবাহী ট্রাক ব্যতীত সাধারণ ট্রাক ও কাভার্ড ভ্যান ফেরিতে পারাপার বন্ধ রাখতে হবে; | বিআইডব্লিউটিসি |
| | ৭.২। ফেরিঘাট ব্যবস্থাপনা কমিটি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে ঘাটে নির্বিঘ্ন সিরিয়াল প্রদানের ব্যবস্থা করবে; | বিআইডব্লিউটিসি, সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশ |
| ৮। নৌযান বৃদ্ধি/ পুর্নবিন্যাস | ৮.১। ঈদের পূর্বে বাঁশবাড়িয়া (সীতাকুন্ড)-গুপ্তছড়া(সন্দ্বীপ) রুটে ফেরি সার্ভিস চালু করা হলে চাঁদপুর ফেরি ঘাট হতে ০১(এক) টি মিডিয়াম রো-রো ফেরি বর্ণিত রুটে প্রেরণ করা হবে; | বিআইডব্লিউটিসি |
| | ৮.২। চাঁদপুর নদী বন্দরের জন্য নতুন টার্মিনাল নির্মাণ কার্যক্রম চলমান থাকায় চাঁদপুর টার্মিনালে যাত্রী চাপ কমানোর লক্ষ্যে ঢাকা-চাঁদপুর-ইচুলি নৌপথের ইচুলি ঘাটে আরো কয়েকটি লঞ্চের চলাচলের জন্য চাঁদপুরের জেলা প্রশাসনের চাহিদা থাকায় বাঅনৌচ (যাপ) সংস্থা এবং লঞ্চ মালিক সমিতি কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক লঞ্চের ব্যবস্থা করতে হবে। এছাড়া পাবনা ও নোয়াখালী জেলায় ফেরি সংখ্যা বৃদ্ধি করতে হবে। | বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, বাঅনৌচ (যাপ)সংস্থা এবং লঞ্চ মালিক সমিতি |
| ৯। কো- | ৯.১। বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, নৌপরিবহন অধিদপ্তর সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও পুলিশ সুপার,লঞ্চ মালিক, নৌপুলিশ, কোস্টগার্ড, নৌযান শ্রমিক নেতৃবৃন্দ, সংশ্লিষ্ট | বিআইডব্লিউটিএ, সংশ্লিষ্ট জেলা প্রশাসক |

| আলোচ্য বিষয় | প্রস্তাবসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| অর্ডিনেশন | এলাকার জনপ্রতিনিধি (যদি থাকে) এবং নৌযান, নৌপথ ও পরিবহনের সাথে সম্পৃক্ত অন্যান্য সকলের সমন্বয়ে সভা করে উন্নত ঈদ ব্যবস্থাপনার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং স্থানীয়ভাবে সচেতনতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে; | ও<br>পুলিশ সুপার |
| | ৯.২। ফেরিঘাট, লঞ্চঘাট এবং স্পিড বোট ঘাটসমূহে অতিরিক্ত ভাড়া আদায় ও অতিরিক্ত যাত্রী বোঝাই নিয়ন্ত্রণের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে; | সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটও<br>পুলিশ সুপার |
| | ৯.৩। চট্টগ্রামের সদরঘাট হতে হাতিয়া, সন্দীপ ও ভোলা ইত্যাদি স্থানে গমণাগমনের লঞ্চ/জাহাজের যাত্রীদের নিরাপত্তা, বিশ্রাম, টয়লেট সুবিধাদি ইত্যাদি সেবা প্রদানে বিআইডব্লিউটিসির নেতৃত্বে চট্টগ্রামে একটি কমিটি গঠন করতে হবে। বিআইডব্লিউটিএ'র আঞ্চলিক অফিস এই কমিটিকে সার্বিক সহায়তা প্রদান করবে; | বিআইডব্লিউটিএ<br>ও<br>বিআইডব্লিউটিসি |
| ১০। বিবিধ | ১০.১। দক্ষিণাঞ্চলের যানবাহনসমূহ ঢাকা হয়ে উত্তরাঞ্চলে যাওয়ার সুবিধার্থে চাঁদপুর-শরীয়তপুর ফেরিঘাটে পর্যাপ্ত ফেরির ব্যবস্থা রাখতে হবে; | বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি |
| | ১০.৩। নৌদুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে চাঁদপুরের মেঘনা ও ডাকাতিয়া নদীর মোহনায় ঘুর্ণাবর্ত এলাকা মার্কিং করতে হবে। এছাড়াও অন্য নৌরুটে মার্কিং যথাযথ ভাবে রয়েছে কিনা, সেটি নিশ্চিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বিআইডব্লিউটিএ |

৪.০ পরিশেষে সভাপতি কর্তৃক পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ঘরমুখো ও কর্মস্থলে ফিরতি যাত্রীদের নিরাপদ ভ্রমণ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সকলকে ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ ইউসুফ
সিনিয়র সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নম্বর : ১৮.০০.০০০০.০১৯.১৮.০০৯.২১.**১৩৬**

তারিখ : ০৯ চৈত্র ১৪৩১
২৩ মার্চ ২০২৫

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত সচিব (সংস্থা-১/সংস্থা-২/প্রশাসন/উন্নয়ন/বন্দর), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রংপুর/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী
৩। অতিরিক্ত আইজিপি, নৌপুলিশ হেডকোয়ার্টার্স, পুলিশ প্লাজা কনকর্ড টাওয়ার, গুলশান-১, ঢাকা
৪। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, বাংলামোটর, ঢাকা
৫। মহাপরিচালক, কোস্টগার্ড, ব্লক-ই, প্লট ১২/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা
৬। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা
৭। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, এফ-১২/সি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, ঢাকা
৮। যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। জেলা প্রশাসক, ঢাকা/চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/চাঁদপুর/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/পাবনা/রাজবাড়ী/মাদারীপুর/বরিশাল/ঝালকাঠি/নোয়াখালী/ পটুয়াখালী/শরীয়তপুর/খুলনা/ভোলা/বরগুনা/লক্ষ্মীপুর/পিরোজপুর/সুনামগঞ্জ/কিশোরগঞ্জ/কক্সবাজার/রাঙ্গামাটি/নরসিংদী/ব্রাহ্মণবাড়িয়া/ সিরাজগঞ্জ/ফরিদপুর/গাইবান্ধা/জামালপুর/কুমিল্লা/কুড়িগ্রাম
১০। পুলিশ সুপার, ঢাকা/চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/চাঁদপুর/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/পাবনা/রাজবাড়ী/মাদারীপুর/বরিশাল/ঝালকাঠি/নোয়াখালী/ পটুয়াখালী/শরীয়তপুর/খুলনা/ভোলা/বরগুনা/লক্ষ্মীপুর/পিরোজপুর/সুনামগঞ্জ/কিশোরগঞ্জ/কক্সবাজার/রাঙ্গামাটি/নরসিংদী/ব্রাহ্মণবাড়িয়া/ সিরাজগঞ্জ/ফরিদপুর/গাইবান্ধা/জামালপুর/কুমিল্লা/কুড়িগ্রাম
১১। উপপুলিশ কমিশনার (ট্রাফিক), লালবাগ জোন, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, আজিমপুর, ঢাকা
১২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

ছন্দা পাল
সিনিয়র সহকারী সচিব